খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.২২.৭৩৯২ তারিখঃ- ২৫ বৈশাখ' ১৪২৯বঙ্গাঃ
০৮ মে '২০২২খ্রিঃ

বিষয়ঃ- **"লীড সীল" ক্রয় এর নিমিত্তে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।**

নিম্নবর্নিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির কাজের জন্য **" লীড সীল "** ক্রয় এর লক্ষ্যে পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহ্বান করা যাচ্ছে।

RFQ নং	মালামালের বিবরণ		মালামালের পরিমান	দাখিলকৃত উদ্ধৃত মূল্য(টাকা)	
				একক মূল্য	মোট মূল্য
৩২ /২০২১-২০২২	লীড সীল (নমুনা মোতাবেক)	লীড সীলের পুরত্ব- 2 mm	৫০,০০০টি		
		ব্যাস- 9 mm			
		লীড সীল তারের দৈর্ঘ্য – 15 cm (ননম্যাগনেটিক)			
		১০০টি লীড সীলের ভর- 600 g. (তারসহ)			

কথায়ঃ-

০১॥ রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১২/০৫/২০২২ তারিখ , দুপুর ১২:০০ ঘটিকা।

০২॥ (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর , বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

০৩॥ (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ১২/০৫/২০২২ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর , বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

০১॥ দরপত্র বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা যাবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২॥ দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN),ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩॥ খামের উপর **" লীড সীল সরবরাহ করণের দরপত্র"** কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ১২/০৫/২০২২ ইং, তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না মর্মে লিখতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪॥ সরবরাহকৃত মালামালের ন্যূনতম ০৩ (তিন) মাসের ওয়ারেন্টি থাকতে হবে।

০৫॥ মালামালের পরিমান কম বা বেশী হতে পারে। তবে তা ২০ শতাংশের বেশি হবে না।

০৬॥ দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৭॥ দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৮॥ দরপত্র বা মালামালের স্পেসিফিকেশন সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

০৯॥ সর্বনিম্ন ও সর্বোতভাবে রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ০৭ দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল নমুনা মোতাবেক হতে হবে। পবিসের কারিগরী বিভাগের মাধ্যমে গুনগত মান যাচাই করে মালামাল গ্রহণ করা হবে।

১০॥ সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর ভ্যাট/ আয়কর কর্তন করা হবে।

১১॥ দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২॥ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার সকল ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১॥ জেলা প্রশাসক, খুলনা।
০২॥ পুলিশ সুপার, খুলনা।
০৩॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৪॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
০৫॥ উপজেলা নির্বাহী কর্মকর্তা, বটিয়াঘাটা/তেরখাদা/দাকোপ/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা, খুলনা।
০৬॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪
০৭॥ নির্বাহী প্রকৌশলী (সিষ্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো,খুলনা ।
০৮॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা।
০৯॥ সহকারী প্রকৌশলী, বাপবিবো, খুলনা।
১০॥ ডিজিএম, পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া/ কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।
১১॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস।
১২॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/ ইএন্ডসি/ এমএস), খুলনা পবিস।
১৩॥ এজিএম (আইটি), খুলনা পবিস। (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
১৪॥ মেসার্স ----------।
১৫॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
১৬॥ অফিস/মাষ্টার কপি ।

জেনারেল ম্যানেজার(চঃদাঃ)
খুলনা পবিস ।